

## বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা

### “একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম” বাস্তবায়ন

২০২২-২৩ ইং এর ই-গর্ভন্যাস ও উদ্ভাবন কর্ম পরিকল্পনার আওতায় মাঠ পর্যায়ের অফিসের জন্য “একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম” বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। সেই মোতাবেক বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা এর উদ্যোগে “সেবা সহজিকরণ” বাস্তবায়ন এর জন্য চিহ্নিতকরণ করা হয়েছে। সেবা সহজিকরণ বাস্তবায়নের অগ্রগতি নিম্নোক্ত ছকের মাধ্যমে প্রেরণ করা হলোঃ

ক্রমিক নং	উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রমের শিরোনাম	বিবরণ	ডিসেম্বর ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি
১.	“ওয়েব-সাইট এ উদ্ভাবিত পন্যের তথ্য ক্যাটাগরি ভিত্তিতে পুনর্বিন্যাস করা”	<p>বিসিএসআইআর থেকে প্রতি বছর অনেক গুরুত্বপূর্ণ পন্য উদ্ভাবিত হয়ে থাকে। উদ্ভাবিত পন্য সমূহের বর্ণনা বিসিএসআইআর ওয়েব-সাইট এ দেয়া আছে যা সময়ের সাথে সাথে নিয়মিত হালনাগাদ করা হয়ে থাকে। একটি প্রতিষ্ঠানের জন্য ওয়েব-সাইট অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারন সাধারণ জনগণ যখন কোন প্রতিষ্ঠানের যেকোন ধরনের তথ্য (পন্য, প্রসেস, পরীক্ষণ বা যেকোন ধরনের তথ্য) সম্বন্ধে জানতে চায় তখন সে অনেক ক্ষেত্রেই সেই প্রতিষ্ঠানের ওয়েব-সাইট এর উপর নির্ভর করে। বিসিএসআইআর এর বর্তমান ওয়েব-সাইটে উদ্ভাবিত পণ্যের যে তথ্য দেয়া আছে তা ক্যাটাগরি ভিত্তিতে বিন্যস্ত করা নেই। উদ্যক্তারা যখন কোন পন্য লিজ নিতে চান, তখন তাদের কাছে এসব পন্যের যথাযথ বর্ণনা ক্যাটাগরি ভিত্তিতে থাকলে তাদের পন্য খুজে বের করা এবং বাছাই করা সহজসাধ্য হবে।</p> <p>এমতাবস্থায় ঢাকা গবেষণাগারে উদ্ভাবিত পন্যের তথ্য ওয়েব-সাইটে ক্যাটাগরি ভিত্তিতে পুনর্বিন্যাস করার জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে। এতে করে শিল্প উদ্যোক্তাগণ ওয়েব-সাইট হতেই পন্যের প্রয়োজনীয় তথ্যাদি সম্বন্ধে অবগত হবেন এবং সহজেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে সক্ষম হবেন।</p> <p>সেবা সহজিকরণে বর্ণিত এই পদক্ষেপটির মাধ্যমে বিসিএসআইআর এর উদ্ভাবিত পন্যের সকল তথ্য সহজে দৃশ্যমান হবে, ফলে সেবা গ্রহীতাগণ উপকৃত হবেন।</p>	<ul style="list-style-type: none"><li>ইনোভেশন কমিটি সভায় আলোচনার ভিত্তিতে সেবা সহজিকরণ বাস্তবায়নের জন্য “ওয়েব-সাইট এ উদ্ভাবিত পন্যের তথ্য ক্যাটাগরি ভিত্তিতে পুনর্বিন্যাস করা” বিষয়টি নির্দিষ্ট করেন।</li><li>এ প্রেক্ষিতে বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা এর প্রতিটি ডিভিশনের উদ্ভাবিত পণ্য সমূহের হাল নাগাদ তথ্য আহ্বান করা হয়েছে।</li><li>তথ্য সংগ্রহ এবং ক্যাটাগরি ভিত্তিক পুনর্বিন্যাসের কার্যক্রম চলমান রয়েছে।</li></ul>